



## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-রেজিঃ/২১(ভলিয়ম-২)

তারিখ : ২১ মার্চ, ২০২১

### নিয়োগ বিজ্ঞপ্তি


শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এর পরিকল্পনা ও উন্নয়ন দপ্তরের জন্য নিম্নোক্ত বিভিন্ন পদে লোক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	সংখ্যা	বেতন স্কেল
১	পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)	০১ টি	৫৬,৫০০-৭৪,৪০০/=
২	উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)	০১ টি	৪৩,০০০-৬৯৮৫০/=

### আবেদনপত্র জমাদান :

রেজিস্ট্রারের অনুকূলে সিলেট শহরের যে কোন তফশিলী ব্যাংকের শাখার উপর পরিচালক পদের জন্য ৭০০/= (সাতশত) টাকা এবং উপ-পরিচালক পদের জন্য ৬০০/= (ছয়শত) টাকার এমআইসিআর ব্যাংক ড্রাফট অথবা সমমূল্যের পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়), পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি সত্যায়িত ছবি, সকল সনদপত্র/প্রশংসাপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। ৮ সেট দরখাস্ত আগামী ০৫ মে, ২০২১ তারিখের মধ্যে রেজিস্ট্রার অফিসে পৌঁছাতে হবে। আবেদন ফরম অফিস চলাকালীন রেজিস্ট্রার দপ্তর থেকে সরাসরি অথবা ১০ (দশ) টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকেটসহ নিজ ঠিকানা সম্বলিত খাম পাঠিয়ে সংগ্রহ করা যাবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ([www.sust.edu](http://www.sust.edu)) থেকেও আবেদন ফরম ডাউনলোড করা যাবে। কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অসম্পূর্ণ আবেদন বিবেচনা করা হবে না। খামের উপর অবশ্যই স্পষ্ট অক্ষরে সংশ্লিষ্ট পদের নাম উল্লেখ করতে হবে। ডাক যোগাযোগজনিত বিলম্বের কারণে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না। আবেদনপত্র জমাদানের শেষ তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না/বিবেচনা করা হবে না।

যোগ্যতা ও অভিজ্ঞতার কপি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ডেসপ্যাচ থেকে সংগ্রহ করা যাবে এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটেও পাওয়া যাবে।

  
(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার

  
২২/৩/২১



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট এর  
বিভিন্ন পদে নিয়োগ সম্পর্কিত যোগ্যতা/অভিজ্ঞতা

স্মারক নং-রেজিঃ/২১(ভলিয়ম-২)

তারিখ : ২১ মার্চ, ২০২১

**পরিচালক :**

প্রার্থীর সিভিল ইঞ্জিনিয়ারিং এ স্নাতক ডিগ্রি অথবা বাণিজ্য/অর্থনীতি/পরিসংখ্যান বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিসহ কোন বিশ্ববিদ্যালয়/ সরকারী/ আধাসরকারী/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে অতিরিক্ত পরিচালক (প. ও উ.)/ সমমান পদে (জাতীয় বেতন স্কেলের ৪নং গ্রেডভুক্ত) ন্যূনতম ০৮(আট) বছরের চাকুরীর অভিজ্ঞতাসহ পরিকল্পনা ও উন্নয়ন সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/সরকারী/আধাসরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মকর্তা পদে ন্যূনতম ২২(বাইশ) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে।

শিক্ষাজীবনে কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের গ্রেড গ্রহণযোগ্য নয়।

বয়স: সর্বোচ্চ ৫৫ (পঞ্চাশ) বছর।

আভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি বিধান প্রযোজ্য হবে।

**উপ পরিচালক**

প্রার্থীর পরিকল্পনা/পরিকল্পনা ও উন্নয়ন/উন্নয়ন অধ্যয়ন/লোক প্রশাসন/অর্থনীতি/বাণিজ্য/বিজ্ঞানে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রি অথবা সিভিল ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রিসহ কোন বিশ্ববিদ্যালয়/সরকারী/আধাসরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সহকারী পরিচালক (প.ও উ.) বা সমমান পদে (জাতীয় বেতন স্কেলের ৭ নং গ্রেড) ন্যূনতম ০৬ (ছয়) বছরের চাকুরীর অভিজ্ঞতাসহ বিশ্ববিদ্যালয়/সরকারী/আধাসরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মকর্তা পদে ১০(দশ) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে।


শিক্ষাজীবনে কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের গ্রেড গ্রহণযোগ্য নয়।

বয়স: সর্বোচ্চ ৪৫ (পয়ঁতাল্লিশ) বছর।

আভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি বিধান প্রযোজ্য হবে।



(মুহাম্মদ ইশফাকুল হোসেন)  
রেজিস্ট্রার

  
২৪৭২০